



১৩তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৬

পরীক্ষার তারিখ ১২.০৬.২০১৬; সময় ১ ঘণ্টা; পূর্ণমান ১০০ সেট কোড ১ ক সেট হিজল-১

[প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।]

১. কোন বানানটি শুদ্ধ?

- (ক) মাষ্টার (খ) পোশাক
(গ) জিনিষ (ঘ) পোষ্ট অফিস

ত্যাগ্য 'মাষ্টার'-এর শুদ্ধ বানান 'মাষ্টার', 'জিনিষ'-এর শুদ্ধ বানান 'জিনিষ'। 'পোষ্ট অফিস'-এর শুদ্ধ বানান 'পোষ্ট অফিস'। উল্লিখিত শব্দগুলো বিদেশি শব্দ। বিদেশি শব্দের বানানে 'ষ' বসে না।

২. কোন বিরাম চিহ্নের বিরতিকাল নেই?

- (ক) হাইফেন (খ) কমা
(গ) সেমিকোলন (ঘ) কোলন

ত্যাগ্য 'হাইফেন' বিরাম চিহ্নের বিরতিকাল নেই। কারণ হাইফেনে থামার প্রয়োজন হয় না। কিন্তু কমা, সেমিকোলন ও কোলনে থামার প্রয়োজন হয়। কমায় থামতে হয়—এক বলতে যে সময় প্রয়োজন। সেমিকোলনে থামতে হয়—১ বলার দ্বিগুণ সময়। কোলনে থামতে হয়—এক সেকেন্ড সময়।

৩. কোন বানানটি শুদ্ধ?

- (ক) বিভিষিকা (খ) বিভীষিকা
(গ) বিভিষীকা (ঘ) বিভীষীকা

ত্যাগ্য বিভীষিকা 'ঈ-ই' নিয়মে গঠিত বানান। এরূপ-গীতিকা, শারীরিক, জীবিকা, দীপিকা, বীথিকা, মরীচিকা, নীলিমা ইত্যাদি।

৪. আলালি বা হুতোমি ভাষা বলা হয় কোন ভাষাকে?

- (ক) সাধু (খ) চলিত
(গ) ইংরেজি (ঘ) সংস্কৃত

ত্যাগ্য আলালি ও হুতোমি ভাষা বলা হয় 'চলিত' ভাষাকে। বাংলা চলিত ভাষায় লেখা প্যারীচাঁদ মিত্রের (টেকচাঁদ ঠাকুর) 'আলালের ঘরের দুলাল' উপন্যাসটি (১৮৫৮)। এ থেকে 'আলালি ভাষা' প্রচলিত হয়। আবার কালীপ্রসন্ন সিংহ একই ভাষা রীতিতে রচনা করেন 'হুতোম পাঁচার নকশা' উপন্যাসটি (১৮৬২)। এ থেকে 'হুতোমি ভাষা' প্রচলিত হয়।

৫. দুহিতা-এর বিপরীত শব্দ কোনটি?

- (ক) পুত্র (খ) কন্যা
(গ) স্ত্রী (ঘ) স্বামী

ত্যাগ্য 'দুহিতা'-এর বিপরীত শব্দ 'পুত্র'। 'স্ত্রী' শব্দের বিপরীত হলো স্বামী। আর 'কন্যা' শব্দের প্রতিশব্দ হলো দুহিতা, আত্মজা, তনয়া, সুতা, নন্দিনী, মেয়ে।

৬. 'Autonomous' শব্দের অর্থ—

- (ক) স্বাক্ষর (খ) স্বায়ত্তশাসিত
(গ) সত্যায়িত (ঘ) সংশোধিত

ত্যাগ্য 'Autonomous' শব্দের অর্থ 'স্বায়ত্তশাসিত'। স্বাক্ষর অর্থ দস্তখত। সত্যায়িত অর্থ সত্য বলে প্রমাণ করা। সংশোধিত অর্থ সংশোধন করা হয়েছে এমন।

৭. 'জায়া' শব্দের সমার্থক শব্দ—

- (ক) অর্ধাঙ্গী (খ) কন্যা
(গ) নন্দিনী (ঘ) ভগিনী

ত্যাগ্য 'জায়া' শব্দের সমার্থক শব্দ 'অর্ধাঙ্গী'। এরূপ-ভায়া, পত্নী, বধূ, বউ, গৃহিণী, গিন্নি, ঘরগি, বিবি, বেগম, পরিবার। কন্যার সমার্থক শব্দ নন্দিনী, মেয়ে, তনয়া, দুহিতা, ঝি, বেটি। 'ভগিনী' শব্দে সমার্থক হলো বোন।

৮. 'চতুষ্পদ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?

- (ক) চতুর + পদ (খ) চতুষ + পদ
(গ) চতু + পদ (ঘ) চতুষ + পদ

ত্যাগ্য 'চতুষ্পদ' শব্দের সন্ধি-বিচ্ছেদ 'চতুষ + পদ'। এটি বিসর্গ সন্ধির নমুনা। এরূপ—ত্রাতুষ্পদ্র।

৯. 'সিংহপুরুষ' কোন সমাস?

- (ক) উপমান কর্মধারয় (খ) উপপদ তৎপুরুষ
(গ) উপমিত কর্মধারয় (ঘ) অব্যয়ীভাব

ত্যাগ্য 'সিংহপুরুষ' উপমিত কর্মধারয় সমাস। এর ব্যাসবাক্য—পুরুষ সিংহের ন্যায়। এরূপ—চন্দ্রমুখ, বাহুলতা, করকমল, চাঁদমুখ। উপমিত কর্মধারয় সমাস হলো—উপমান ও উপমেয় পদের সমাস।

১০. 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

- (ক) মনু + ষ (খ) মনু + অব
(গ) মা + নব (ঘ) মান + অব

ত্যাগ্য 'মানব' শব্দের প্রকৃতি ও প্রত্যয় 'মনু + ষ'। এটি সংস্কৃত তদ্ধিত প্রত্যয়। এরূপ-যাদব (যদু + ষ), শৈশব (শিশু + ষ), কৈশোর (কিশোর + ষ)।

১১. যে উপকারীর অপকার করে—

- (ক) কৃতজ্ঞ (খ) অকৃতজ্ঞ
(গ) কৃত্য (ঘ) অকৃত্য

ত্যাগ্য যে উপকারীর অপকার করে—কৃত্য।

যে উপকারীর উপকার স্বীকার করে—কৃতজ্ঞ/অকৃত্য।

”না—অকৃতজ্ঞ।



১	খ
২	ক
৩	খ
৪	খ
৫	ক
৬	খ
৭	ক
৮	ঘ
৯	গ
১০	ক
১১	গ

১২. 'পাপে বিরত থাকো'— কোন কারকে কোন বিভক্তি?

- (ক) অপাদান কারকে সপ্তমী বিভক্তি
(খ) করণ কারকে সপ্তমী বিভক্তি
(গ) অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
(ঘ) কর্ম কারকে সপ্তমী বিভক্তি

ব্যাখ্যা 'পাপে বিরত থাকো'— অপাদান কারকে সপ্তমী বিভক্তি। হতে, থেকে— থাকলে অপাদান কারক হয়। আবার যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত, রক্ষিত ও ভীত প্রকাশক বাক্য অপাদান কারক হয়।

১৩. 'Edition' শব্দের অর্থ—

- (ক) সংস্করণ (খ) সম্পাদক
(গ) সম্পাদকীয় (ঘ) অনুসন্ধান

ব্যাখ্যা 'Edition' শব্দের অর্থ—সংস্করণ। Editor হলো সম্পাদক। Editorial হলো সম্পাদকীয়। Search/ Seeking/Inquiry হলো অনুসন্ধান।

১৪. 'রাত্রি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?

- (ক) শবরী (খ) ত্রিয়ামা
(গ) ক্ষণদা (ঘ) ভানু

ব্যাখ্যা 'রাত্রি' শব্দের সমার্থক শব্দ নয় ভানু। 'রাত্রি' শব্দের সমার্থক শব্দ হলো রাত, শবরী, ত্রিয়ামা, ক্ষণদা। ভানু শব্দের সমার্থক বা প্রতিশব্দ হলো সূর্য, কিরণ, রবি।

১৫. 'পূর্বে ছিল এখন নেই'— বাক্য সংযোজন কোনটি?

- (ক) ভূতপূর্ব (খ) অভূতপূর্ব
(গ) অতীত (ঘ) বর্তমান

ব্যাখ্যা 'পূর্বে ছিল এখন নেই'—ভূতপূর্ব। পূর্বে যা ঘটেছিল— অভূতপূর্ব। বিগত হয়েছে যে কাল—অতীত। যে কাল এখনও চলছে—বর্তমান।

১৬. 'কেতা দুরন্ত' বাগধারার অর্থ কী?

- (ক) অলস (খ) পরিশ্রমী
(গ) পরিপাটি (ঘ) দীর্ঘজীবী

ব্যাখ্যা 'কেতা দুরন্ত'— বাগধারার অর্থ 'পরিপাটি'। ইতুনিদ কুঁড়ে অর্থ 'অলস'। কলুর বলদ অর্থ নির্বিকারে পরিশ্রম করা। কাকভুষণী অর্থ দীর্ঘজীবী।

১৭. সন্ধি ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?

- (ক) রূপতত্ত্বে (খ) বাক্যতত্ত্বে
(গ) অর্থতত্ত্বে (ঘ) ধ্বনিতত্ত্বে

ব্যাখ্যা সন্ধি ব্যাকরণের 'ধ্বনিতত্ত্বে' আলোচিত হয়। রূপতত্ত্বে আলোচিত হয়—শব্দ, সমাস, প্রত্যয়, বিভক্তি, উপসর্গ। বাক্যতত্ত্বে আলোচিত হয়—বাক্য, বাচ্য, উক্তি, যতি। অর্থতত্ত্বে " " — বাগধারা, এককথায় প্রকাশ, সমার্থক শব্দ, বিপরীত শব্দ।

১৮. বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন কে?

- (ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
(গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (ঘ) প্যারিচাঁদ মিত্র

ব্যাখ্যা বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। রবীন্দ্রনাথ ঠাকুর সার্থক ছোটগল্প রচনা করেন এবং বাংলা বানানের উপযুক্ত নিয়ম প্রদান করেন। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সার্থক উপন্যাস রচনা করেন। প্যারিচাঁদ মিত্র প্রথম চলিত ভাষায় (১৮৫৮) উপন্যাস (আলালের ঘরের দুলাল) লেখেন।

১৯. 'মহিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

- (ক) মহি + মা (খ) মহৎ + ইমন
(গ) মহা + ইমা (ঘ) মহিম + আ

ব্যাখ্যা 'মহিমা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় 'মহৎ + ইমন'। এটি সংস্কৃত 'ইমন' তদ্ধিত প্রত্যয় দ্বারা গঠিত শব্দ এরূপ— নীলিমা (নীল+ইমন), রক্তিমা (রক্ত+ইমন), দাঘিমা (দীর্ঘ + ইমন)। বর্তমানে 'ইমন' প্রত্যয়েকে 'ইমা'—প্রত্যয়েও লেখা হয়। যেমন : নীল + ইমা = নীলিমা।

২০. 'আবির্ভাব' এর বিপরীত শব্দ কোনটি?

- (ক) অভাব (খ) স্বভাব
(গ) তিরোভাব (ঘ) অনুভাব

ব্যাখ্যা 'আবির্ভাব'—এর বিপরীত শব্দ 'তিরোভাব'। অভাব—এর বিপরীত শব্দ 'সম্ভল'। অনুভাবের বিপরীত শব্দ মহিমাহীন।

২১. 'দহরম মহরম'—এর বিপরীত বাগধারা কোনটি?

- (ক) জিলাপির প্যাচ (খ) অহিনকুল
(গ) দুধের মাছি (ঘ) বসন্তের কোকিল

ব্যাখ্যা 'দহরম মহরম'—এর বিপরীত বাগধারা 'অহিনকুল'। দহরম মহরম অর্থ মাখামাখি 'বন্ধুত্ব'। দুধের মাছির অর্থ সুসময়ের বন্ধু। বসন্তের কোকিল অর্থও সুসময়ের বন্ধু।

২২. নিচের কোন বানানটি শুদ্ধ?

- (ক) নূনতম (খ) নূন্যতম
(গ) নূনতম (ঘ) নূন্যতম

ব্যাখ্যা নূনতম বানানটি শুদ্ধ। এরূপ জ্যোতি, রূঢ়, নূজ।

২৩. সৌম্য শব্দের বিপরীত শব্দ কোনটি?

- (ক) শান্ত (খ) সুন্দর
(গ) উগ্র (ঘ) কৃষ্ণ

ব্যাখ্যা সৌম্য শব্দের বিপরীত শব্দ 'উগ্র'।

শান্ত শব্দের বিপরীত শব্দ — অশান্ত/দুরন্ত/চঞ্চল
সুন্দর " " — অসুন্দর/কুৎসিত
কৃষ্ণ " " — শুক্ল/শুভ/শ্বেত

২৪. 'ডাক্তার ডাক'— কোন কারকে কোন বিভক্তি?

- (ক) কর্তৃকারকে ষষ্ঠী বিভক্তি (খ) কর্ম কারকে শূন্য বিভক্তি
(গ) করণ কারকে শূন্য বিভক্তি (ঘ) কর্তৃকারকে শূন্য বিভক্তি

ব্যাখ্যা 'ডাক্তার ডাক' — কর্ম কারকে শূন্য বিভক্তি। এরূপ—আমাকে একখানা বই দাও। রবীন্দ্রনাথ পড়লাম। কর্তৃকারকে ষষ্ঠী বিভক্তি—আমার যাওয়া হয়নি। করণ কারকে শূন্য বিভক্তি—ছাত্ররা বল খেলে। কর্তৃকারকে শূন্য বিভক্তি—হামিদ বই পড়ে।



১২	ক
১৩	ক
১৪	ঘ
১৫	ক
১৬	গ
১৭	ঘ
১৮	গ
১৯	খ
২০	গ
২১	খ
২২	গ
২৩	গ
২৪	খ

২৫. 'মৌমাছি'— কোন সমাস?

- (ক) কর্মধারয় সমাস (খ) বহুব্রীহি সমাস
(গ) দ্বিগু সমাস (ঘ) অব্যয়ীভাব সমাস

ব্যাখ্যা 'মৌমাছি' কর্মধারয় সমাস। এটি মধ্যপদলোপী কর্মধারয় সমাস। মৌ (মধু) আশ্রিত মাছি। এরূপ— ঘর জামাই।
বহুব্রীহি সমাস— নদী মাতা যার = নদীমাতৃক।
দ্বিগু সমাস— ত্রি কালের সমাহার = ত্রিকাল।
অব্যয়ীভাব সমাস— কঠের সমীপে = উপকণ্ঠ।

২৬. Educating all people— a mammoth task.

- (ক) are (খ) is (গ) be (ঘ) have

ব্যাখ্যা বাক্যে সর্বদা Subject-এর Number ও Person অনুসারে Verb নির্ধারিত হয়। বাক্যে Subject-এর head word হচ্ছে 'Educating' যা third person Singular number। তাই Verb হবে is।

২৭. Man has no escape— death.

- (ক) before (খ) from
(গ) by (ঘ) in

ব্যাখ্যা Escape শব্দটির পরে Preposition হিসেবে সর্বদা From বসে এবং সেক্ষেত্রে এর অর্থ দাড়ায় পালিয়ে যাওয়া/ মুক্তি পাওয়া/ এড়িয়ে যাওয়া।

২৮. Today the world is passing through— Juncture.

- (ক) minimum (খ) a lot of
(গ) limited (ঘ) critical

ব্যাখ্যা Critical Juncture-মানে সংকটময় মুহূর্ত বা কঠিন সন্ধিক্ষণ। বাক্যটির অর্থ— 'বিশ্ব আজ এক কঠিন সময় পার করছে। উল্লেখ্য critical শব্দটির পূর্বে article 'a' প্রয়োজন ছিল।

২৯. The old man cannot help— a cup of tea.

- (ক) take (খ) drink
(গ) to drink (ঘ) having

ব্যাখ্যা Cannot help-এর পূর্বে verb-এর সাথে ing যুক্ত হয়।

৩০. There is— milk in the bottle.

- (ক) very few (খ) any
(গ) very little (ঘ) many

ব্যাখ্যা Uncountable noun-এর পূর্বে determiner হিসেবে little এবং Countable noun-এর পূর্বে few, any, many ব্যবহৃত হয়। সঠিক উত্তর (গ)।

৩১. কলমটি তার।

- (ক) The pen is mine. (খ) The pen is his.
(গ) He is the owner of the pen.
(ঘ) He belongs to the pen.

ব্যাখ্যা His হলো he-এর possessive form। এমন আরো কয়েকটি pronoun হলো ours, yours, hers কিন্তু his এবং its একই রকম ব্যবহার হয় এগুলো noun -এর পূর্বে বসুক আর একা বসুক। His অর্থ তার অধিকারে থাকা।
সূত্রবাং সঠিক উত্তর the pen is his।

৩২. বিনয় মহত্বের ভূষণ।

- (ক) Modesty are embellishment of greatness.
(খ) Modesty is embellishment on greatness.
(গ) Modesty is embellishment to greatness.
(ঘ) Modesty is embellishment of greatness.

ব্যাখ্যা Modesty—বিনয়; embellishment—ভূষণ এবং greatness—মহত্ব। Subject (modesty) third person singular number হওয়ায় verb হবে 'is' এখানে 'of' হবে appropriate preposition। তাই সঠিক উত্তর (ঘ)।

৩৩. কেটলিতে পানি টগবগ করছে।

- (ক) The water is simmering in the kettle.
(খ) The water is boiling in the kettle.
(গ) The water is rising high in the kettle.
(ঘ) The kettle is over flowing.

ব্যাখ্যা Simmer (v) অর্থ টগবগ করে ফোটা বা সিদ্ধ হওয়া। সঠিক উত্তর (ক)।

৩৪. ট্রেনটি ঢাকা যাবে।

- (ক) The train is going to Dhaka.
(খ) The train is bound for Dhaka.
(গ) The train is leaving for Dhaka.
(ঘ) The train will go to Dhaka.

ব্যাখ্যা Bound for— (কোথাও বা কোনো দিকে) যেতে প্রস্তুত/গমনরত। সঠিক উত্তর (খ)।

৩৫. The shirt is—

- (ক) after my taste (খ) before my taste
(গ) after one's taste (ঘ) according to my taste

ব্যাখ্যা The shirt is after my taste—মানে জামাটি আমার পছন্দসই বা প্রিয়।

৩৬. What is the meaning of 'Prior to'—?

- (ক) on (খ) after
(গ) before (ঘ) beside

ব্যাখ্যা Prior to— মানে পূর্বে। After অর্থ 'পরে'; before—পূর্বে; beside—পাশে। সঠিক উত্তর (গ)।

৩৭. The suffering of the poor man—

- (ক) beyond description (খ) beggars description
(গ) out of description (ঘ) beggar description

ব্যাখ্যা Beggar description—অর্থ বর্ণনাতীত। এখানে beggar শব্দটি মূল verb হিসেবে ব্যবহৃত হয়েছে এবং subject হচ্ছে The suffering যা 3rd person singular number। সূত্রবাং beggar-এর সাথে s যোগ হয়েছে।
অতএব, সঠিক উত্তর (খ)।

৩৮. I wish I had seen you before. (Exclamatory)

- (ক) Wow! I seen you before.
(খ) Had I seen you before!
(গ) Oh! I seen you before.
(ঘ) If I seen you before.



২৫	ক
২৬	খ
২৭	খ
২৮	ঘ
২৯	ঘ
৩০	গ
৩১	খ
৩২	ঘ
৩৩	ক
৩৪	খ
৩৫	ক
৩৬	গ
৩৭	খ
৩৮	খ

ব্যখ্যা প্রদত্ত option গুলোর মধ্যে সবগুলোই Exclamatory sentence। তবে অন্য অপশনগুলোতে tense-এর ব্যবহারজনিত ত্রুটি থাকায় একমাত্র সঠিক উত্তর (খ)।

৩৯. Besides going to the book fair, I bought a number of books. (Compound)

- (ক) I not only went to the book fair but also bought a number of books.
(খ) I went to the book fair and bought a number of books.
(গ) Going to the book fair, I bought a number of books.
(ঘ) I bought a number of books when I went to the book fair.

ব্যখ্যা Compound sentence সাধারণত and, or, but ইত্যাদি Conjunction দ্বারা যুক্ত থাকে এবং উভয় পাশে দুটি Principle clause থাকে। তাই সঠিক উত্তর (খ)।

৪০. Do you find your payment too little? (Passive)

- (ক) Is your payment found too little to you?
(খ) Are your payment found too little to you?
(গ) Are your payment found too little by you?
(ঘ) Is your payment found too little by you?

ব্যখ্যা Present Indefinite tense-এর interrogative বাক্যের ক্ষেত্রে passive করার নিয়ম : Am/is/are + object-কে subject + verb-এর pp + adverb (যদি থাকে) + by + subject-কে object। সুতরাং structure অনুযায়ী সঠিক উত্তর (ঘ)।

৪১. There is little milk in the glass (Interrogative)

- (ক) Is there little milk in the glass?
(খ) Isn't there little milk in the glass?
(গ) Is there any milk in the glass?
(ঘ) Isn't there any milk in the glass?

ব্যখ্যা প্রদত্ত বাক্যে 'little' শব্দটি Negative অর্থ প্রদান করে। তাই interrogative sentence-টি positive হবে। সঠিক উত্তর (গ)।

৪২. I know him better than you. (Positive)

- (ক) You do not know him as good as I.
(খ) You do not know him as well as I.
(গ) You do not know him as well as me.
(ঘ) You do not know him as good as me.

ব্যখ্যা Good/well-এর comparative and superlative degree যথাক্রমে better and best। প্রশ্নেই বাক্যটির অর্থ 'তোমার চেয়ে আমি তাকে ভালোভাবে চিনি'। এ বাক্যটির positive হবে 'তুমি তাকে তত ভালো চিনো না যত ভালো আমি চিনি। সঠিক উত্তর (খ)।

৪৩. I am sure he (pass) the examination.

- (ক) will pass (খ) passed
(গ) will be passed (ঘ) pass

ব্যখ্যা আমি নিশ্চিত সে পরীক্ষায় পাশ করবে। Future tense বুঝাতে will pass হবে। সঠিক উত্তর (ক)।

৪৪. Walk carefully lest—.

- (ক) you will fall (খ) you should stumble
(গ) you would have fallen (ঘ) you might lose the way

ব্যখ্যা বাক্যের প্রথম অংশে test ব্যবহৃত হলে, পরবর্তী অংশে Subject-এর পর should + v₁ ব্যবহৃত হয়। সঠিক উত্তর (খ)।

৪৫. People (talk) his courage even after his death.

- (ক) talk of (খ) talk
(গ) will talk (ঘ) talks of

ব্যখ্যা Talk of sb/sth কারও বা কোনোকিছু সম্পর্কে কথা বলা। People সর্বদা Plural number তাই talk-এর সাথে s বাস হবে না। সঠিক উত্তর (ক)।

৪৬. Three-fourth of the work— finished.

- (ক) have been (খ) is
(গ) are (ঘ) has been

ব্যখ্যা Three-fourth of the work (noncont noun) + singular verb হয়। কোনো কাজ কিছু অংশ শেষ হয়েছে আরও কিছু অংশ বাকি রয়েছে এরূপ বোঝাতে present perfect tense হয়। আর কাজ যেহেতু একা একা সম্পন্ন হতে পারে না সেহেতু বাক্যটি passive voice-এ হবে। সুতরাং সঠিক উত্তর (ঘ)।

৪৭. We felt very tired. The word 'tired' used in the sentence is—.

- (ক) adjective (খ) noun
(গ) verb (ঘ) none

ব্যখ্যা এ বাক্যে we-subject, felt—Linking verb, Very-adverb এবং tired-adjective। সুতরাং সঠিক উত্তর (ক)।

৪৮. The verb of the word 'beautiful' is—

- (ক) beauty (খ) beautify
(গ) beautification (ঘ) beautifully

ব্যখ্যা Beautiful (adj)—সুন্দর; Beauty (n)—সৌন্দর্য; Beautify(v)—সৌন্দর্যবান/সৌন্দর্যমণ্ডিত করা; Beautifully (adv)—সুন্দরভাবে। সঠিক উত্তর (খ)।

৪৯. The synonym of the word 'huge' is—.

- (ক) sanctified (খ) tiny
(গ) colossal (ঘ) momentary

ব্যখ্যা Huge—বিশাল; tiny—ছোট; colossal—বিশাল; momentary—ক্ষণস্থায়ী; Sanctified—পবিত্র। সঠিক উত্তর (গ)।

৫০. The antonym of the word 'unique' is—.

- (ক) popular (খ) common
(গ) distinctive (ঘ) deciduous

ব্যখ্যা Unique (adj) অনুপম/অসাধারণ/অতুলনীয় এবং এ শব্দটির বিপরীত বা antonym হচ্ছে — Common—সাধারণ Popular—জনপ্রিয়; distinctive—স্বতন্ত্র; deciduous—প্রতি বছর পাতা ঝরে যায় এমন/পর্ণমোচী। সঠিক উত্তর (খ)।



উত্তর

৩৯ খ

৪০ ঘ

৪১ গ

৪২ খ

৪৩ ক

৪৪ খ

৪৫ ক

৪৬ ঘ

৪৭ ক

৪৮ খ

৪৯ গ

৫০ খ

৫১. ছয়টি ক্রমিক পূর্ণসংখ্যার প্রথম তিনটির যোগফল ২৭ হলে, শেষ তিনটির যোগফল—

- (ক) ৩৬ (খ) ৩৩ (গ) ৩২ (ঘ) ৩০

ব্যাখ্যা ধরি, সংখ্যাগুলো $x-২, x-১, x, x+১, x+২, x+৩$
শর্তমতে, $x-২ + x-১ + x = ২৭$

$$\Rightarrow 3x = 30$$

$$\therefore x = 10$$

$$\text{শেষ তিনটির যোগফল} = 3x + 6 = 3 \times 10 + 6 = 36$$

৫২. এক নটিক্যাল মাইল সমান—

- (ক) ১৬৫০.১৮ মিটার (খ) ১৮৫৩.১৮ মিটার
(গ) ১৯৫৩.১৮ মিটার (ঘ) ১৭৫০.১৮ মিটার

ব্যাখ্যা ১ নটিক্যাল মাইল = ১.৮৫৩১৮ কিলোমিটার
= ১৮৫৩.১৮ মিটার

৫৩. দুইটি সংখ্যার ল.সা.গু. a এবং গ.সা.গু. b। একটি সংখ্যা c হলে, অপর সংখ্যাটি—

- (ক) ab (খ) bc (গ) $\frac{ab}{c}$ (ঘ) $\frac{ac}{b}$

ব্যাখ্যা অপর সংখ্যাটি = $\frac{\text{ল.সা.গু.} \times \text{গ.সা.গু.}}{\text{একটি সংখ্যা}} = \frac{ab}{c}$

৫৪. একটি লেবু ৪ টাকায় কিনে ৫ টাকায় বিক্রি করলে লাভ—

- (ক) ২৫% (খ) ২০% (গ) ১০% (ঘ) ৫%

ব্যাখ্যা ৪ টাকায় লাভ হয় ১ টাকা

$$100\%, \frac{100 \times 1}{8} = ২৫ \text{ টাকা}$$

৫৫. ১০০ টাকা ৫ বছরে সুদে-আসলে ২০০ টাকা হলে, সুদের হার—

- (ক) ৫% (খ) ১০% (গ) ২০% (ঘ) ২৫%

ব্যাখ্যা সুদ = ২০০ - ১০০ = ১০০ টাকা

$$\text{সুদের হার} = \frac{100 \times 100}{100 \times 5} \% \left[\because r = \frac{I \times 100}{pn} \% \right]$$

$$= ২০\%$$

৫৬. নিচের কোন ভগ্নাংশটি $\frac{2}{3}$ থেকে ছোট?

- (ক) $\frac{9}{8}$ (খ) $\frac{5}{6}$
(গ) $\frac{7}{8}$ (ঘ) $\frac{3}{5}$

ব্যাখ্যা $\frac{2}{3} = ০.৬৭$

$$\frac{9}{8} = ০.৮৮; \frac{5}{6} = ০.৮৩; \frac{7}{8} = ০.৭৫ \text{ এবং } \frac{3}{5} = ০.৬$$

$$\therefore \frac{3}{5} < \frac{2}{3}$$

৫৭. ১৫ জন লোক একটি কাজ ২০ দিনে করলে, ঐ কাজটি ১ দিনে করতে লোক লাগবে—

- (ক) ১০০ জন (খ) ১৫০ জন (গ) ২০০ জন (ঘ) ৩০০ জন

ব্যাখ্যা ২০ দিনে কাজটি করে ১৫ জন

$$1 \quad (20 \times 15) = 300$$

৫৮. ৩ বছর পূর্বে মা ও মেয়ের বয়স যথাক্রমে ২৭ বছর ও ২ বছর ছিল। ৫ বছর পর তাদের বয়সের অনুপাত—

- (ক) ৩ঃ২ (খ) ৭ঃ২ (গ) ২৭ঃ২ (ঘ) ২৭ঃ৫

ব্যাখ্যা মায়ের বর্তমান বয়স (২৭ + ৩) বা ৩০ বছর

মেয়ের ,, ,, (২ + ৩) বা ৫ ,,

$$৫ \text{ বছর পর তাদের বয়সের অনুপাত } (30 + 5) : (5 + 5) = 35 : 10 = ৭ : ২$$

৫৯. একটি সংখ্যার ৫ গুণের সাথে তার বর্গ বিয়োগ করলে এবং ৬ বিয়োগ করলে যোগফল শূন্য হয়। সংখ্যাটি—

- (ক) ১ অথবা ২ (খ) ৩ অথবা ৪
(গ) ২ অথবা ৩ (ঘ) ৩ অথবা ৪

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x

$$5x - x^2 - 6 = 0$$

$$\Rightarrow -(x^2 - 5x + 6) = 0$$

$$\Rightarrow x^2 - 5x - 2x + 6 = 0$$

$$\Rightarrow x(x-3) - 2(x-3) = 0$$

$$\Rightarrow (x-3)(x-2) = 0$$

$$x = ২ \text{ অথবা } ৩$$

৬০. প্রথম দশটি স্বাভাবিক সংখ্যার গড়—

- (ক) ৫ (খ) ৫.৫০ (গ) ১০ (ঘ) ৫৫.৫০

ব্যাখ্যা প্রথম দশটি স্বাভাবিক সংখ্যার গড়

$$= \frac{1+2+3+4+5+6+7+8+9+10}{10}$$

$$= \frac{55}{10} = ৫.৫০$$

৬১. a : b = 4 : 5 এবং b : c = 6 : 7 হলে, a : b : c =

- (ক) 20 : 35 : 42 (খ) 24 : 30 : 35
(গ) 35 : 30 : 24 (ঘ) 42 : 35 : 20

ব্যাখ্যা a : b = 4 : 5 = (4 × 6) : (5 × 6) = 24 : 30

$$b : c = 6 : 7 = (6 \times 5) : (7 \times 5) = 30 : 35$$

$$a : b : c = 24 : 30 : 35$$

৬২. $\log_{2\sqrt{5}} 20$ এর মান—

- (ক) 2 (খ) $\sqrt{5}$ (গ) 2 (ঘ) 4

ব্যাখ্যা $\log_{2\sqrt{5}} 20 = \log_{2\sqrt{5}} (2\sqrt{5})^2$

$$= 2 \log_{2\sqrt{5}} 2\sqrt{5} = 2 \times 1 = 2$$

৬৩. $\frac{a-b}{ab} + \frac{b-c}{bc} + \frac{c-a}{ca}$ এর মান—

- (ক) 2 (খ) 1
(গ) 0 (ঘ) -1

ব্যাখ্যা $\frac{a-b}{ab} + \frac{b-c}{bc} + \frac{c-a}{ca}$

$$= \frac{ac - bc + ab - ac + bc - ab}{abc}$$

$$= \frac{0}{abc} = 0$$



৫১	ক
৫২	খ
৫৩	গ
৫৪	ক
৫৫	গ
৫৬	ঘ
৫৭	ঘ
৫৮	খ
৫৯	গ
৬০	খ
৬১	খ
৬২	ক
৬৩	গ

৬৪. $8^{2x+3} = 2^{3x+6}$ হলে, x এর মান—

- (ক) -3 (খ) -1 (গ) 0 (ঘ) 4

ল্যাম্বা $8^{2x+3} = 2^{3x+6}$

$\Rightarrow (2^3)^{2x+3} = 2^{3x+6}$

$\Rightarrow 2^{6x+9} = 2^{3x+6}$

$\Rightarrow 6x+9 = 3x+6$

$\Rightarrow 6x-3x = 6-9$

$\Rightarrow 3x = -3$

$\therefore x = -1$

৬৫. $x - \frac{1}{x} = 3$ হলে, $\frac{x^4+1}{x^2}$ এর মান—

- (ক) 11 (খ) 10 (গ) 9 (ঘ) 7

ল্যাম্বা $\frac{x^4+1}{x^2} = \frac{x^4}{x^2} + \frac{1}{x^2} = x^2 + \frac{1}{x^2}$

$= \left(x - \frac{1}{x}\right)^2 + 2 \cdot x \cdot \frac{1}{x}$

$= (3)^2 + 2 = 9 + 2 = 11$

৬৬. $x > y$ এবং $z < 0$ হলে, নিচের কোনটি সঠিক?

- (ক) $xz > yz$ (খ) $\frac{x}{z} > \frac{y}{z}$ (গ) $\frac{z}{x} < \frac{z}{y}$ (ঘ) $zx < yz$

ল্যাম্বা $x > y$ এবং $z < 0$ অর্থাৎ z ঋণাত্মক সংখ্যা। ঋণাত্মক সংখ্যা দ্বারা অসমতাকে গুণ করা হলে তার চিহ্ন উল্টে যায়।

$xz < yz$ অসমতাটি সঠিক।

৬৭. $a = 2b = 3c$ এবং $abc = 36$ হলে, c এর মান—

- (ক) $\sqrt{2}$ (খ) $2\sqrt{2}$ (গ) $\sqrt[3]{2}$ (ঘ) 2

ল্যাম্বা $a = 2b = 3c$

এখন, $a = 3c$ এবং $b = \frac{3}{2}c$

$\therefore 3c \times \frac{3}{2}c \times c = 36$

$\Rightarrow 9c^3 = 72$

$\Rightarrow c^3 = 8$

$\Rightarrow c^3 = 2^3$

$c = 2$

৬৮. $3x^3 + 2x^2 - 21x - 20$ রাশিটির একটি উৎপাদক—

- (ক) $x+2$ (খ) $x-2$ (গ) $x+1$ (ঘ) $x-1$

ল্যাম্বা ধরি, $f(x) = 3x^3 + 2x^2 - 21x - 20$

$x = -1$ হলে, $f(x) = 0$ হয়

$(x+1)$, প্রদত্ত রাশিটির একটি উৎপাদক।

৬৯. $x+y=3$, $x-y=1$ হলে, $4xy$ এর মান—

- (ক) 4 (খ) 2 (গ) -8 (ঘ) 8

ল্যাম্বা $4xy = (x+y)^2 - (x-y)^2 = (3)^2 - (1)^2 = 9 - 1 = 8$

৭০. সমকোণী ত্রিভুজের অপর কোণদ্বয়—

- (ক) $55^\circ, 35^\circ$ (খ) $35^\circ, 45^\circ$ (গ) $45^\circ, 55^\circ$ (ঘ) $55^\circ, 60^\circ$

ল্যাম্বা সমকোণী ত্রিভুজের অপর কোণদ্বয়ের সমষ্টি 90°

এখানে, $55^\circ + 35^\circ = 90^\circ$

$\therefore$ অপর কোণদ্বয় $55^\circ, 35^\circ$

৭১. একটি ত্রিভুজের কোণগুলোর অনুপাত $2:3:5$ । এর বৃহত্তম কোণটি—

- (ক) 18° (খ) 36° (গ) 54° (ঘ) 90°

ল্যাম্বা ধরি, কোণগুলো $2x, 3x$ এবং $5x$

$\therefore 2x + 3x + 5x = 180^\circ$

$\Rightarrow 10x = 180^\circ$

$\therefore x = 18^\circ$

বৃহত্তম কোণটি $= 5 \times 18^\circ = 90^\circ$


৭২. ABCD সামান্তরিকের AB = 12 সেমি, এবং D বিন্দু থেকে

AB এর লম্ব-দূরত্ব 6 সে.মি. সামান্তরিকটির ক্ষেত্রফল—

- (ক) 18 বর্গ সে.মি. (খ) 36 বর্গ সে.মি.

- (গ) 72 বর্গ সে.মি. (ঘ) 144 বর্গ সে.মি.

ল্যাম্বা



সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি $\times$ উচ্চতা বর্গ একক

$= 12 \times 6 = 72$ বর্গ সে.মি.

$= 72$ বর্গ সে.মি.

৭৩. সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য $2\sqrt{3}$ একক হলে,

ত্রিভুজটির ক্ষেত্রফল—

- (ক) $\frac{3\sqrt{3}}{4}$ বর্গ একক (খ) $3\sqrt{3}$ একক

- (গ) 9 বর্গ একক (ঘ) 3 একক

ল্যাম্বা সমবাহু ত্রিভুজটির ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4} (2\sqrt{3})^2$ বর্গ একক

$= \frac{\sqrt{3}}{4} \times 4 \times 3$

$= 3\sqrt{3}$ বর্গ একক

৭৪. বৃত্তের ব্যাস 3 গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল বৃদ্ধি পাবে—

- (ক) 4

- (খ) 9

- (গ) 12

- (ঘ) 16


ল্যাম্বা বৃত্তের ব্যাস 3 গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল 9 গুণ বৃদ্ধি পাবে।

৭৫. ত্রিভুজের তিনটি বাহুকে চক্রাকারে বর্ধিত করলে উৎপন্ন

বহিঃস্থ কোণ তিনটির যোগফল—

- (ক) 180° (খ) 150° (গ) 270° (ঘ) 360°

ল্যাম্বা



$A + B + C = 180^\circ - x + 180^\circ - y + 180^\circ - z$

$= 3 \times 180^\circ - (x + y + z) = 3 \times 180^\circ - 180^\circ = 360^\circ$



উত্তর

৬৪ খ

৬৫ ক

৬৬ ঘ

৬৭ ঘ

৬৮ গ

৬৯ ঘ

৭০ ক

৭১ গ

৭২ গ

৭৩ খ

৭৪ খ

৭৫ ঘ

৭৬. বাংলাদেশের সাথে কয়টি দেশের সীমান্ত রয়েছে?

- ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) একটিও না

ব্যাখ্যা বাংলাদেশের সাথে সীমান্ত রয়েছে দুটি দেশ ভারত ও মিয়ানমারের। বাংলাদেশের মোট ৩২টি জেলা জুড়ে এই দুই দেশের সীমান্ত বিদ্যমান।

৭৭. গারো পাহাড় কোন জেলায় অবস্থিত?

- ক) চট্টগ্রাম খ) ময়মনসিংহ
গ) সিলেট ঘ) কক্সবাজার

ব্যাখ্যা ভারতের আসাম রাজ্য এবং বাংলাদেশের ময়মনসিংহ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, শেরপুর ও জামালপুর জুড়ে গারো পাহাড় বিস্তৃত। গারো পাহাড় বাংলাদেশের সবচেয়ে উঁচু পাহাড়। এ পাহাড়ের উচ্চতা ২,০৫০ ফুট।

৭৮. বাংলাদেশের নদী গবেষণা ইনস্টিটিউট কোথায় অবস্থিত?

- ক) ঢাকা খ) চট্টগ্রাম
গ) ফরিদপুর ঘ) বরিশাল

ব্যাখ্যা বাংলাদেশের নদী গবেষণা ইনস্টিটিউট ১৯৭৭ সালে প্রতিষ্ঠিত হয়। নদী গবেষণা ইনস্টিটিউটটি পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন। নদী গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তর প্রথম ঢাকায় অবস্থিত ছিল। বর্তমানে নদী গবেষণা ইনস্টিটিউটের সদর দপ্তর ফরিদপুরের হারুকাপিতে অবস্থিত।

৭৯. বাংলাদেশের রুটির ঝুড়ি বলা হয় কোন জেলাকে?

- ক) নাটোর খ) নওগাঁ
গ) দিনাজপুর ঘ) ঠাকুরগাঁও

ব্যাখ্যা এক সময় বাংলাদেশের নাটোর জেলায় সবচেয়ে বেশি গম উৎপাদন হতো। বর্তমানে সবচেয়ে বেশি গম উৎপাদন হয় ঠাকুরগাঁও।

৮০. বাংলাদেশ কমনওয়েলথ এর কততম সদস্য রাষ্ট্র?

- ক) ৩৬তম খ) ৪০তম
গ) ৩৮তম ঘ) ৪২তম

[Note : সাবেক ব্রিটিশ সম্রাজ্যভুক্ত স্বাধীন এবং আশ্রিত দেশসমূহ নিয়ে কমনওয়েলথ গঠিত। কমনওয়েলথের বর্তমান সদস্য দেশ ৫৩টি। বাংলাদেশ কমনওয়েলথের ৩২তম সদস্য দেশ। বাংলাদেশ ১৮ এপ্রিল ১৯৭২ কমনওয়েলথের সদস্যপদ লাভ করে।]

৮১. বাংলাদেশের কোন মসজিদকে ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য স্থান ঘোষণা করেছে?

- ক) কুসুমা মসজিদ খ) ষাট গুলুজ মসজিদ
গ) আতিয়া জামে মসজিদ ঘ) ছোট সোনা মসজিদ

ব্যাখ্যা ষাটগুলুজ মসজিদ বাগেরহাটে অবস্থিত। ১৯৮৫ সালে জাতিসংঘ শিক্ষা বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা (UNESCO) ষাটগুলুজ মসজিদকে ৩২১তম বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষণা করে।

৮২. সুইফট কোডের সংখ্যা কত?

- ক) ৬ খ) ৮
গ) ১০ ঘ) ১২

ব্যাখ্যা ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত ট্রান্সেলসভিতিক আন্তঃব্যাংক আর্থিক লেনদেনের নেটওয়ার্ক SWIFT। নিরাপদ ও দ্রুত আন্তঃব্যাংক লেনদেনের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানে এটি একটি বার্তা সেবাদানকারী মাধ্যম। SWIFT-এর পূর্ণরূপ—Society for Worldwide Interbank Financial Telecommunication। SWIFT কোড ৮ অথবা ১১ ডিজিট নিয়ে গঠিত।

৮৩. HTML- এর পূর্ণরূপ কি?

- ক) High Time Made up Language
খ) Hyper Test Multi Language
গ) Hyper Text Mark up Language
ঘ) High Teller Maximum Language

ব্যাখ্যা HTML is a markup language for describing web documents (web pages). HTML Stands for Hyper text Markup Language. A markup language is a set of markup tags.

৮৪. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেন কে?

- ক) সম্রাট আকবর খ) আবুল ফজল
গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) ড. মুহাম্মদ শহীদুল্লাহ

ব্যাখ্যা কৃষিকাজের সুবিধার জন্য মোগল সম্রাট আকবর ১৫৮৪ সালে বাংলা সন প্রবর্তন করেন। ৫ নভেম্বর ১৫৫৬ তার সিংহাসন আরোহণের দিন হতে তা কার্যকর হয়।

৮৫. কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি কে?

- ক) মইনুল হোসেন খ) হামিদুর রহমান
গ) শামীম শিকদার ঘ) হামিদুজ্জামান খান

ব্যাখ্যা ২৩ ফেব্রুয়ারি ১৯৫২ ঢাকা মেডিক্যাল কলেজ প্রাঙ্গণে অবস্থিত কেন্দ্রীয় শহীদ মিনারের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। ২৪ ফেব্রুয়ারি ১৯৫২ শহীদ শফিউর রহমানের পিতা মাহবুবুর রহমান কেন্দ্রীয় শহীদ মিনার উদ্বোধন করেন। কেন্দ্রীয় শহীদ মিনারের স্থপতি হামিদুর রহমান।

৮৬. মালয়েশিয়ার মুদ্রার নাম কি?

- ক) রিংগিট খ) রুবল
গ) পেসো ঘ) সীম

ব্যাখ্যা মালয়েশিয়ার মুদ্রার নাম 'রিংগিট'। 'রুবল' রাশিয়া ও বেলারুশের মুদ্রার নাম। 'পেসো' ফিলিপাইন, কিউবা, ডোমিনিকান প্রজাতন্ত্র, মেক্সিকো, আর্জেন্টিনা, চিলি, কলম্বিয়া ও উরুগুয়ের মুদ্রার নাম।

৮৭. হিউম্যান প্যাপিলোমা কি?

- ক) ছত্রাক খ) ব্যাকটেরিয়া
গ) ভাইরাস ঘ) অণুজীব

ব্যাখ্যা হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (এইচ-পি-ভি)। এটি ভাইরাসজনিত এক ধরনের রোগ। HPV- কোনো নির্দিষ্ট ভাইরাস নয়, বরং ১০০-র বেশি ধরনের প্রজাতি নিয়ে এর একটি পরিবার রয়েছে। এর মধ্যে বিভিন্ন কারণে হাত-পায়ের ত্বকের বিভিন্ন জায়গায় সংক্রমণ হয়।



উত্তর

৭৬ ক

৭৭ খ

৭৮ গ

৭৯ ক

৮০ Note

৮১ খ

৮২ খ

৮৩ গ

৮৪ ক

৮৫ খ

৮৬ ক

৮৭ গ

৮৮. নিরাপদ মাতৃত্ব দিবস কবে?

- ক) ২৪ মে খ) ২৬ মে গ) ২৮ মে ঘ) ৩০ মে

৮৯. ইনসুলিন কে আবিষ্কার করেন?

- ক) ফ্রেডরিক হপকিন্স খ) আলেকজান্ডার ফ্রেমিং
গ) গেরহার্ড ডোমাক ঘ) অ্যাড ওয়ার্ড জেনার

[Note : ইনসুলিন আবিষ্কার করেন ফ্রেডরিক গ্র্যান্ট বেস্টিং ও চার্লস এইচ বেস্ট। আলেকজান্ডার ফ্রেমিং 'পেনিসিলিন ও এন্টিবায়োটিক' আবিষ্কার করেন। অ্যাডওয়ার্ড জেনার 'বসন্তের টিকা' আবিষ্কার করেন।]

৯০. টেস্ট ক্রিকেটে দ্রুততম সেঞ্চুরী করেন কে?

- ক) ব্রায়ান লারা খ) ভিভ রিচার্ডস
গ) এবিডি ভিলিয়ার্স ঘ) ব্রেভন ম্যাককালাম

ব্যাখ্যা টেস্ট ক্রিকেটে ব্রেভন ম্যাককালাম (নিউজিল্যান্ড) দ্রুততম সেঞ্চুরি করেন ৫৪ বলে ও ওয়ানডে বিশ্বকাপে দ্রুততম হাফ সেঞ্চুরি করেন ২০ বলে। টেস্টে এক ইনিংসে সর্বোচ্চ রান সংগ্রাহক ব্রায়ান চার্লস লারা (ওয়েস্ট ইন্ডিজ) অপরাজিত ৪০০ রান করেন। এবি ডি ভিলিয়ার্স ওয়ানডে ক্রিকেটে ৩১ বলে দ্রুততম সেঞ্চুরি করেন। ভিভ রিচার্ডস (ওয়েস্ট ইন্ডিজ) ১৯৭৯ বিশ্বকাপের ফাইনালে সেঞ্চুরি করেন।

৯১. মহাকর্ষীয় তরঙ্গ আবিষ্কারক দীপঙ্কর তালুকদারের নিজ জেলা কোনটি?

- ক) বরিশাল খ) বরগুনা
গ) ঝালকাঠি ঘ) পটুয়াখালী

ব্যাখ্যা মহাকর্ষীয় তরঙ্গ আবিষ্কার গবেষণায় বিশ্বের এক হাজার বিজ্ঞানী নিয়োজিত ছিলেন। এ বিজ্ঞানী দলে ছিলেন দুজন বাংলাদেশিও। তারা হলেন— ড. দীপঙ্কর তালুকদার ও সেলিম শাহরিয়ার। ড. দীপঙ্কর তালুকদার ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের সাবেক ছাত্র। তিনি ১৯৭৭ সালে বরগুনাতো জন্মগ্রহণ করেন।

৯২. বিশ্বের সর্বাধিক ব্যবহৃত ভাষার মধ্যে বাংলার অবস্থান কততম?

- ক) ৪র্থ খ) ৫ম
গ) ৬ষ্ঠ ঘ) ৭ম

ব্যাখ্যা বিশ্বের সর্বাধিক ব্যবহৃত ভাষার মধ্যে বাংলার অবস্থান ষষ্ঠ। সূত্র : ইথনোলগ ২০১৮। চৈনিক (১ম), স্পেনীয় (২য়), ইংরেজি (৩য়), আরবি (৪র্থ) ও হিন্দি (৫ম)।

৯৩. কোন জেলাকে শস্যভাণ্ডার বলা হয়?

- ক) রংপুর খ) বরিশাল
গ) যশোর ঘ) ময়মনসিংহ

ব্যাখ্যা 'বরিশাল' জেলাকে বলা হয় শস্যভাণ্ডার ও বাংলার ভেনিস। কৃষি পরিসংখ্যান বর্ষ গ্রন্থ ২০১৭ অনুযায়ী বর্তমানে 'ধান ও মাছ' উৎপাদনে শীর্ষ জেলা ময়মনসিংহ। 'গোলাপ ফুল' উৎপাদনে শীর্ষ জেলা যশোর।

৯৪. ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে ঘোষণা করা হয় কত সালের কত তারিখে?

- ক) ১৭ নভেম্বর ১৯৯৯ খ) ১৮ নভেম্বর ১৯৯৯
গ) ১৯ নভেম্বর ১৯৯৯ ঘ) ২০ নভেম্বর ১৯৯৯

ব্যাখ্যা ২১ ফেব্রুয়ারি শহীদ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ১৭ নভেম্বর ১৯৯৯ ইউনেস্কো ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করে। ইউনেস্কোর ৩০তম (নির্বাহী পরিষদের ১৫৭তম অধিবেশনে) সাধারণ অধিবেশনে এ স্বীকৃতি দেয়া হয়।

৯৫. কিসের অভাবে গলগণ্ড রোগ হয়?

- ক) আমিষ খ) শর্করা গ) আয়োডিন ঘ) ভিটামিন

ব্যাখ্যা গলগণ্ড রোগ হয় আয়োডিনের অভাবে। ভিটামিনের অভাবে বিভিন্ন প্রকার রোগ হয়। যেমন—রাতকানা (ভিটামিন—A), বেরিবেরি (ভিটামিন—B₁), পেলেগ্রা (ভিটামিন—B₃), স্কাটি (ভিটামিন—C), রিকিট (ভিটামিন—D) প্রজনন ক্ষমতা হ্রাস (ভিটামিন—E) ও অধিক রক্তক্ষরণ (ভিটামিন—K)।

৯৬. লাল গ্রহ কাকে বলা হয়?

- ক) মঙ্গল গ্রহ খ) বুধ গ্রহ
গ) বৃহস্পতি গ্রহ ঘ) শনি গ্রহ

ব্যাখ্যা মঙ্গল গ্রহকে বলা হয় 'লাল গ্রহ'। 'বৃহস্পতি' গ্রহকে বৃহত্তম গ্রহ ও গ্রহ রাজ বলা হয়। ক্ষুদ্রতম, সূর্যের নিকটতম ও দ্রুততম গ্রহ বলা হয়—'বুধ' গ্রহকে। দ্বিতীয় বৃহত্তম ও হাজার বলয়ের গ্রহ বলা হয় শনি গ্রহকে।

৯৭. এপি কালচার কি?

- ক) পাখি পালন বিদ্যা খ) মৌমাছি পালন বিদ্যা
গ) মৎস্য পালন বিদ্যা ঘ) গুটি পোকা চাষবিদ্যা

ব্যাখ্যা পাখি পালন বিদ্যাকে বলা হয় 'এপিকালচার'। মৌমাছি পালন বিদ্যাকে বলা হয় 'এপি কালচার'। মৎস্য চাষবিষয়ক বিদ্যাকে বলা হয় পিসিকালচার।

৯৮. সিসমোগ্রাফ কি?

- ক) রক্তচাপ মাপক যন্ত্র খ) ভূমিকম্প মাপক যন্ত্র
গ) বৃষ্টি মাপক যন্ত্র ঘ) সমুদ্রের গভীরতা মাপক যন্ত্র

ব্যাখ্যা ভূমিকম্প মাপক/নির্ণায়ক যন্ত্র সিসমোগ্রাফ এবং ভূমিকম্প পরিমাপক যন্ত্র সিসমোমিটার। বৃষ্টি পরিমাপক যন্ত্র রেইনগেজ।

৯৯. বাংলাদেশকে স্বীকৃতিদানকারী দ্বিতীয় দেশ কোনটি?

- ক) ভারত খ) ভুটান
গ) মালয়েশিয়া ঘ) সেনেগাল

ব্যাখ্যা বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেয় ভুটান ৬ ডিসেম্বর ১৯৭১, দ্বিতীয় দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয় ভারত ৬ ডিসেম্বর ১৯৭১। প্রথম আফ্রিকান ও মুসলিম দেশ হিসেবে সেনেগাল বাংলাদেশকে স্বীকৃতি দেয় ১ ফেব্রুয়ারি ১৯৭২। মালয়েশিয়া বাংলাদেশকে স্বীকৃতি দেয় ২৫ ফেব্রুয়ারি ১৯৭২।

১০০. 'আরেক ফাল্গুন' গ্রন্থটির রচয়িতা কে?

- ক) জহির রায়হান খ) শওকত ওসমান
গ) সৈয়দ শামসুল হক ঘ) সেলিনা হোসেন

ব্যাখ্যা আরেক ফাল্গুন গ্রন্থের রচয়িতা জহির রায়হান। বাঙালি জাতীয়তাবাদী আন্দোলন ও ১৯৫৫ সালে ২১ ফেব্রুয়ারি পালনের অভিজ্ঞতায় জহির রায়হান আরেক ফাল্গুন (১৯৬৮) উপন্যাস রচনা করেন।



উত্তর

৮৮ গ

৮৯ Note

৯০ ঘ

৯১ খ

৯২ গ

৯৩ খ

৯৪ ক

৯৫ গ

৯৬ ক

৯৭ খ

৯৮ খ

৯৯ ক

১০০ ক